# কুয়েতে মার্কিন বিমানঘাঁটিতে ড্রোন হামলার দাবি ইরানের



ছবি: সংগৃহীত

কুয়েতে অবস্থিত যুক্তরাষ্ট্রের গুরুত্বপূর্ণ সামরিক স্থাপনা আহমেদ আল-জাবের এয়ারবেসে ড্রোন হামলা চালানোর দাবি করেছে ইরানি সেনাবাহিনী। তাদের ভাষ্য অনুযায়ী, ইরানের ভূখণ্ডে সাম্প্রতিক মার্কিন হামলার জবাব হিসেবেই এ সামরিক অভিযান পরিচালনা করা হয়েছে।

শুক্রবার (৩১ জুলাই) প্রকাশিত তাসনিম নিউজ এজেন্সির এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

প্রতিবেদনে বলা হয়েছে, বিস্ফোরকবোঝাই ড্রোন ব্যবহার করে বিমানঘাঁটির হ্যাঙ্গার, স্যাটেলাইট যোগাযোগ ব্যবস্থা এবং গুরুত্বপূর্ণ সামরিক সরঞ্জাম সংরক্ষণাগারকে লক্ষ্য করে হামলা চালানো হয়।

এতে আরও বলা হয়, ইরানের ক্যাশম দ্বীপের একটি আবাসিক ভবনে যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক বিমান হামলার প্রতিক্রিয়ায় এই অভিযান পরিচালিত হয়েছে। ইরানি সেনাবাহিনীর দাবি, কুয়েতের আহমেদ আল-জাবের এয়ারবেস দীর্ঘদিন ধরে মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের আকাশ নজরদারি, সামরিক সমন্বয় এবং কৌশলগত সহায়তা কার্যক্রম পরিচালনার অন্যতম প্রধান ঘাঁটি হিসেবে ব্যবহৃত হয়ে আসছে।

LENS ASIA